সোশ্যাল এন্ড ইকোনোমিক ইনহ্যান্সমেন্ট প্রোগ্রাম (সিপ)

বিষয়ঃ CLO বা চাইল্ড ক্লাব গঠন পদ্ধতি বা গাইড লাইন

===০০০===

প্রেক্ষাপট

দেশের জনবলকে দক্ষ করে তোলার প্রধান অবলম্বন হচ্ছে শিক্ষা। জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুযায়ি রাষ্ট্রের প্রধান দায়িত্ব হলো প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করে বিনা খরচে শিক্ষা পাওয়ার এবং প্রতিভা বিকাশের সুযোগ নিশ্চিত করা। কিন্তু আমাদের দেশে পিতা মাতার অসচেতনতা, পরিবারের অধিক জনসংখ্যা, দারিদ্রতা, রাষ্ট্রিয় পৃষ্ঠপোসকতার অভাব ইত্যাদি কারনে তা বাস্তবায়িত হচ্ছেনা। অর্থাৎ তারা তাদের প্রাপ্য অধিকার ও সুযোগ সুবিধা ভোগ করতে পারছেনা। তার চেয়েও কাঠিন বাস্তবতা হলো সাধারন শিশুরা নানা প্রতিকূলতার মধ্যদিয়ে বেড়ে উঠছে। শহরের বস্তি এলাকায় বসবাসরত শিশুদের অবস্থা সর্বাধিক করুন।
সরকার প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করলেও দারিদ্রতা ও অসচেতনতার জন্য সকল শিশুর জন্য তা বাস্তবায়িত হচ্ছেনা। দরিদ্র পরিবারের অধিকারংশ শিশুকেই পরিবারের প্রয়োজনে বা বেঁচে থাকার জন্য কোন না কোন ভাবে শ্রমের সাথে যুক্ত হতে হয়। শহরের বস্তি এলাকায় এই চিত্র খুবই ভয়াবহ। বিবিএস এর ২০০২-২০০৩ সালের একটি স্টাডি থেকে জানাযায় প্রায় ৭.৪ মিলিয়ন শিশু পরিবারের প্রয়োজনে শ্রমে নিয়োজিত যাদের ১.৩ মিলিয়ন শিশুই ঝুকিপূর্ণ কাজে এবং এদের মধ্য ৯৩ ভাগ শিশু ইনফরমাল সেক্টরে। এদের ৫০% শিশুই কোনদিন স্কুলে যাওয়ার সুযোগ পায়নি এবং বাকী ৫০% পঞ্চম শ্রেণী পাসের আগেই বিদ্যালয় থেকে ঝরে পরে। এই শ্রমজীবি শিশুদের অধিকাংশকেই অস্বাস্থকর ও ঝুকিপূর্ণ পরিবেশে দৈনিক ১২-১৪ ঘন্টা কাজ করতে হয়। তাছাড়া গৃহকর্মে নিয়োজিত শিশুদের দিনে ১৬ থেকে ১৮ ঘন্টা পর্যন্ত কাজ করতে হয়। এসকল শিশুর মান-সম্মত প্রাথমিক শিক্ষা, প্রতিভা বিকাশ ও অন্যান্ন অধিকার পাবার সমান সুযোগ সৃষ্টিকরা পরিবার, সমাজ ও রাষ্ট্রের দায়িত্ব।
'সিপ'- একটি বেসরকারী উন্নয়ন সহযোগি সংস্থা যার মূল লক্ষ্য হলো ঢাকাসহ দেশের বিভিন্ন শহরের শিল্প এলাকায় বসবাসরত কর্মজীবি শিশুদের নির্যাতন ও নিপিড়নের হাতথেকে রক্ষা করে নিরাপদ শিখন পরিবেশে মানসম্মত প্রাথমিক শিক্ষায় অংশগ্রহণের সমান সুযোগ সৃষ্টি করে ফরমাল শিক্ষা ব্যাবস্থা বা বিকল্প শিক্ষা ব্যাবস্থায় অন্তর্ভূক্ত করা। আর এ কার্যক্রমকে স্থায়িত্বশীল ও কার্যকরি করার জন্য শ্রমজীবি শিশুরা চাইল্ডলেড এডভোকেসীর মাধ্যমে ফরমাল শিক্ষা ব্যাবস্থায় তাদের সহজ অংশগ্রহন নিশ্চিত করতে এবং শিক্ষা মন্ত্রনালয়কে তাদের প্রয়োজন ও সীমাবদ্ধতা বিবেচনায় রেখে শ্রমজীবি শিশুদের উপযোগি পিএসসি কমপিটেন্সী/কারিকুলাম পুনঃনির্ধারন করার জন্য প্রভাবিত করবে।
পিতা-মাতার অসচেতনতা, দারিদ্রতা ও সামাজিক বৈষম্যের শিকার এসব শ্রমজীবি শিশুদের মানষিক, সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক ও শারীরিক বিকাশ সাধন ও নৈতিক গুনাবলী অর্জন এবং সর্বপরি শিশুদের দক্ষ ও সচেতন করে তোলার বিকল্প নেই। তাই 'সিপ'-এর প্রাক-প্রাথমিক ও ননফরমাল শিক্ষার পাশাপাশি একটি শিশু সংগঠনের (চাইল্ড ক্লাব) ব্যাবস্থা রাখা হয়েছে। কর্ম এলাকার প্রত্যেক শিশুই এই ক্লাবের সদস্য হতে পারবে। সদস্য শিশুরা শিশু শ্রমিক ও পিছিয়েপড়া শিশুদের প্রতিনিধি হিসেবে, শিশু অধিকার, জীবন দক্ষতা, ক্যারিয়ার প্ল্যানিং ও তাদের সমস্যা সমাধানের লক্ষে শিশু শ্রমিকদের কর্মস্থল পরিদর্শন, তথ্যের আদান-প্রদান, সাংস্কৃতিক কর্মকান্ড, ও এ্যাডভোকেসির মাধ্যমে নিয়োগকর্তা, অভিভাবক, ফরমাল স্কুল শিক্ষ ও ব্যাবস্থাপনা কমিটি, শিক্ষা অফিস, শিক্ষা অধিদপ্তর/মন্ত্রনালয়, সিটি করপরেশন, স্থানীয় সরকার ও অন্যান্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সাথে একটি কার্যকরি নেটওয়ার্ক প্রতিষ্ঠা করবে।

CLO (Child Led Organization) / চাইল্ড ক্লাব কি?

CLO / চাইল্ড ক্লাব হলো শিশুদের একটি নিজস্ব সংগঠন, যা শিশুদের দ্বারাই গঠিত ও পরিচালিত হবে। এর সদস্য হবে প্রকল্প এলাকার বিদ্যালয়গামি, কর্মজীবি এবং এনএফপিই সেন্টারে অধ্যায়নরত যেকোন শিশু। শিশুরা তাদের অধিকার রক্ষায় ক্লাবের

মাধ্যমে সচেতন ও সংগঠিত হবে। CLO বা চাইল্ড ক্লাব জাতি, ধর্ম, বর্ণ, ধনী-গরীব নির্বিশেষে সকল স্তরের শিশুর অংশগ্রহন নিশ্চিত করবে। শিশুরাই ক্লাবের পরিচালনা পরশদ ও কার্যক্রম ঠিক করবে এবং সকলের অংশগ্রহণে গৃহিত কর্মসূচি বাস্তবায়ন করবে। [*নোট: বিশেষ ভাবে উল্লেখ্য যে, সংস্থা সুধু উপযুক্ত পরিবেশ সৃষ্টি এবং শিশুরা যাতে সঠিকভাবে ক্লাব পরিচালনা কমিটি গঠন ও কর্মসূচি বাস্তবায়ন করতে পারে সেবেপারে ফ্যাসিলিটেট করবে।*]

CLO বা চাইল্ড ক্লাবের উদ্দেশ্য

CLO বা চাইল্ড ক্লাবের মূল উদ্দেশ্য হচ্ছে শিশুর অংশগ্রহণে শিশু অধিকার আদায় ও রক্ষা কল্পে –

- শিশুদের সার্থ-সংশ্লিষ্ট বিষয়ে অংশগ্রহন, মতপ্রকাশ, সংগঠিত হওয়া ও তাদের সুপ্ত প্রতিভা বিকাশে সহায়ক পরিবেশ তৈরি করা।
- কর্মজীবি শিশুদের সমস্যা চিহ্নিত করে তার সমাধান বা উপায় উদ্ভাবনে অনুকুল পরিবেশ সৃষ্টি করা।
- সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও পরিচালনা করা (যেমনঃ খেলাধুলা, বই পড়া, টিএফডি, বিভিন্ন দিবস উদযাপন ইত্যাদি)।
- কর্মজীবি শিশুদের শিক্ষার বাধা নিরসন, সুরক্ষা ও উন্নত কর্ম পরিবেশ তৈরিতে প্রভাব সৃষ্টি ও বিস্তার করা।
- শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরনে এ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করা।
- শিশুর অধিকার বিষয়ে সচেতনতা বৃদ্ধি এবং পরিবার, বিদ্যালয়, কর্মক্ষেত্র সর্বোপরি সমাজে শিশু বান্ধব পরিবেশ তৈরি করা।

CLO বা চাইল্ড ক্লাবের কার্যক্রম

শিশুরাই ক্লাবের উদ্দেশ্য অর্জনে কার্যক্রম নির্ধারন করবে এবং সকলের অংশগ্রহণে গৃহিত কর্মসূচি বাস্তবায়ন করবে। তবে নিম্ন লিখিত কার্যক্রম গুলোকে চাইল্ড ক্লাবের জন্য বিশেষ সহায়ক হিসেবে বিবেচনা করা যেতে পারে।

- বিভিন্ন খেলা-ধুলা।
- বিতর্ক প্রতিযোগিতা।
- বই পড়া প্রতিযোগিতা।
- নাচ।
- গান।
- কবিতা আবৃতি।
- নাটিকা বা টিএফডি।
- চিত্রাংকন।
- বিভিন্ন ধরনের প্রশিক্ষণ আয়োজন (যেমনঃ সিআরসি, জীবন দক্ষতা ইত্যাদি)।
- সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা (যেমনঃ র‌্যালি, মানব বন্ধন, পথ-নাটক ইত্যাদি)।
- গনসংযোগ ও সংলাপ।
- বিভিন্ন জাতীয় ও আন্তরজাতীক দিবস উদযাপন ইত্যাদি।

CLO বা চাইল্ড ক্লাব কাদের জন্য

প্রকল্প এলাকার বিদ্যালয়গামি, কর্মজীবি এবং এনএফপিই সেন্টারে অধ্যায়নরত সকল শিশুর জন্য। সদস্য শিশুদের বয়স হবে ৮ থেকে ১৮ বছরের মধ্য।

CLO বা চাইল্ড ক্লাব কাঠামো ও গঠন পদ্ধতি

সিপ-এর প্রকল্পের প্রতিটি CLO বা চাইল্ড ক্লাবের কাজ শু-শৃংঙ্খল ও সংগঠিত ভাবে পরিচালনার জন্য শিশুরাই ক্লাবের পরিচালনা পর্ষদ বা কমিটি গঠন করবে। যেখানে বড়দের সহায়তা প্রয়োজন বড়রা শুধু সেখানে সহায়ক হিসেবে কাজ করবে, কোন ভাবেই শিশুদের প্রভাবিত করবেনা। তবে এক্ষেত্রে প্রকল্পের CLO ফ্যাসিলিটেটর, এডুকেশন সুপারভাইজার, এ্যাডভোকেসি এন্ড ক্যাম্পেন কর্মকর্তা এবং সমন্বয়কারী সহ শিক্ষক-কর্মকর্তারা নিম্নক্ত পদক্ষেপ নিতে পারে-

প্রথমত: CLO ফ্যাসিলিটেটর, এডুকেশন সুপারভাইজার, এ্যাডভোকেসি এন্ড ক্যাম্পেন কর্মকর্তা এবং সমন্বয়কারী বা শিক্ষক-কর্মকর্তারা যে কেউ সিপ-এর স্কুল কম্পাউন্ড ও কমিউনিটির শিশুদের CLO বা চাইল্ড ক্লাব সম্পর্কে প্রাথমিক ধারনা প্রদান করবে। এর প্রেক্ষিতে তারা শিশুদের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে CLO বা চাইল্ড ক্লাবের কোন প্রয়োজনীয়তা আছে কিনা তা জানবে ও জানাবে। এবং আগ্রহী শিশুদের সিপ-এর কেন্দ্র ভিত্তিক এবং কমিউনিটির **শিশুদের জোন ভিত্তিক ১০/১৫ জন করে সদস্যের ১০/১৫টি দল গঠনে পরামর্শ ও সহায়তা দিবে। এতে প্রতিটি CLO বা চাইল্ড ক্লাবের সদস্য হবে ১০০ জন থেকে ১৫০ জনের মধ্যে।**

দ্বিতীয়ত: CLO ফ্যাসিলিটেটর, এডুকেশন সুপারভাইজার, এ্যাডভোকেসি এন্ড ক্যাম্পেন কর্মকর্তা, সমন্বয়কারী বা শিক্ষক-কর্মকর্তারা **প্রতিটি দল হতে নির্বাচনের মাধ্যমে ২/৩ জন করে প্রতিনিধি বা লিডার নির্বাচন করে দিবেন** এবং লিডারদের একটি সাধারন সভার আহব্বান করবেন। CLO ফ্যাসিলিটেটর, এডুকেশন সুপারভাইজার, এ্যাডভোকেসি এন্ড ক্যাম্পেন কর্মকর্তা, সমন্বয়কারী বা শিক্ষক-কর্মকর্তারা সভায় উপস্থিত লিডার শিশুদের কাছে ঐ কর্ম এলাকার শিশুদের সমস্যা ও প্রতিবন্ধকতা গুলো জানতে চাইবে। তার উপর নির্ভরকরে শিশুদের ক্লাবের লক্ষ্য ও কার্যক্রম নির্ধারনে সহায়তা করবে। সহায়ক শিশুদের কাছে বিভিন্ন ক্লাব বা সামাজিক প্রতিষ্ঠান কি ভাবে পরিচালিত হয় এবং তারা কিভাবে তাদের ক্লাব পরিচালনা করতে চায়, তা জানতে চাবেন। তবে ক্লাবের লক্ষ-অর্জন ও সঠিক ভাবে কার্যক্রম পরিচালনার জন্য একটি সর্বসম্মত সিদ্ধান্তে আসতে সহায়তা করবেন। সঠিক ভাবে কার্যক্রম পরিচালনার জন্য কাউকে কাউকে হয়তো একটু বেশি দায়িত্ব নিতে হবে। এজন্য **কর্ম-কান্ডে ভিত্তিতে শিশুদের একটি কেন্দ্রিয় কমিটি (কিংবা শিশুরা যে নাম পছন্দ করে) এবং কয়েকটি সহায়ক বা সাব-কমিটি গঠন করবে।**

তৃতীয়ত: CLO ফ্যাসিলিটেটর লিডারদের জিজ্ঞেস করবে যে কাউকে যে কোন দায়িত্ব দিবে নাকি তার ঐ বিষয়ে আগ্রহ ও কিছু যোগ্যতা থাকার দরকার আছে কিনা। নিঃসন্দেহে শিশুরা আগ্রহ ও যোগ্যতা থাকার উপর গুরত্ব ও মতামত ব্যাক্ত করবে, তবে এটা অনেকটা সহায়কের ফ্যাসিলিটেসনের উপর নির্ভর করবে। **এভাবে বিভিন্ন বিষয় (যেমন শিক্ষা, সুরক্ষা, এ্যাডভোকেসি প্রভৃতি) সাব-কমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহনে সহায়তা করতে হবে। কি কি বিষয়ে কতটি কমিটি হবে এবং প্রতিটি কমিটির সদস্য সংখ্যা কত হবে তা নির্ধারন করে পোষ্টার পেপারে লিখতে সহায়তা করবেন। তবে সাব-কমিটির সদস্য সংখ্যা ৫/৭ জন এর মধ্য থাকলে ভাল হয়।** এজন্য শিশুদের বুঝাতে হবে কমিটিতে না থাকলেও প্রতিটি সদস্য শিশুরই প্রতিটি বিষয়ে অংশগ্রহণের সুযোগ থাকবে। কমিটি শুধু বিষেশ দায়িত্ব পালনের জন্য একচ্ছত্র কোন ক্ষমতার বা অংশগ্রহণের নয়।

চতুর্থত: কেন্দ্রিয় কমিটি ও প্রতিটি সাব-কমিটি সুষ্ঠভাবে পরিচালনার জন্য দু'জন করে লিডার (সভাপতি ও সাধারন সম্পাদক অথবা শিশুরা যে পদবী পছন্দ করে) ও সাধারন সদস্য নির্বাচনে সহায়তা করতে হবে। কেন্দ্রিয় কমিটির সদস্য হতে পারে ৯/১১/১৩/১৫ জন কিংবা শিশুরা যতজন করতে ইচ্ছুক। কেন্দ্রিয় কমিটি গঠনের জন্য প্রতিটি দলের লিডারদের মধ্য হতে আগ্রহি একজন করে প্রতিনিধি মনোনয়ন করতে বলুন। মনোনিত প্রতিনিধিদের মধ্যে থেকে নির্বাচনের মধ্যমে পরিচালনা পরিশদ গঠনে সহায়তা করুন। এই কেন্দ্রিয় কমিটি এবার একই পদ্ধতিতে সাব-কমিটি গঠন করবে যেখানে ফ্যাসিলেটর শুধু ফ্যাসিলেট করবে কিন্তু কোনভাবেই শিশুদের প্রভাবিত করবে না।

এই কমিটি গুলো একত্রে বসে ক্লাবের জন্য কর্মপরিকল্পনা প্রনয়ন, দ্বায়িত্ব বন্টন এবং বাস্তবায়ন করবে।

এভাবে চাইল্ড ক্লাব পরিচালনার জন্য শিশুরা দুই ধরনের কমিটি গঠন করবে, একটি কেন্দ্রিয় কমিটি ও কয়েকটি সাব-কমিটি। এবং তাদের কাজের ভালো-মন্দের জন্য সাব-কমিটি কেন্দ্রিয় কমিটির নিকট ও কেন্দ্রিয় কমিটি সকল সদস্যের নিকট জবাবদিহি করতে

বাধ্য থাকবে। এছাড়াও চাইল্ড ক্লাব পরিচালনার জন্য গ্র্যাজুয়েট শিশুদের সমন্বয়ে ৩/৫ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি গঠন করা যেতে পারে।

CLO বা চাইল্ড ক্লাবের কার্যক্রম বাস্তবায়নের সম্ভাব্য দলসমূহ

- শিশু সুরক্ষা বিষয়ক দল
- স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক দল
- তথ্য যোগাযোগ ও প্রচার বিষয়ক দল
- সাংস্কৃতিক ও ক্রীড়া দল
- এ্যাডভোকেসি ও নেটওয়ার্কিং দল
- পরিকল্পনা ও মূল্যায়ন দল ইত্যাদি।

শিশুরাই তাদের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন কাজ সুষ্ঠ ভাবে সম্পন্ন করার জন্য ঠিক করবে কত্টি দল হবে, দলের সদস্য সংখ্যা কত হবে, দল কিভাবে গঠিত হবে এবং দলের নাম কি হবে।

CLO বা চাইল্ড ক্লাব পরিচালনা কমিটির কর্যক্রম নির্ধারণ ও বিষয় ভিত্তিক দল

বিষয় ভিত্তিক দল এবং চাইল্ড ক্লাব পরিচালনা কমিটি গঠিত হওয়ার পর প্রতিটি দলের সদস্য ও দলনেতা একত্রে বসে নিজ নিজ দলের কাজ নির্ধারণ করবে। এ ব্যাপারে চাইল্ড ক্লাব সহায়কগণ প্রয়োজনীয় সহায়তা প্রাদান করবে। প্রতিটি দল তাদের নির্ধারিত দায়িত্ব পালনের জন্য কেন্দ্রিয় কমিটির নিকট জবাবদিহী করবে। একইভাবে কেন্দ্রিয় কমিটিও তাদের সমস্ত কাজের জন্য সাধারন কমিটির কাছে জবাবদিহী করবে। সকল দলের কাজের নির্ধারিত তালিকা তৈরির পর কেন্দ্রিয় কমিটি চাইল্ড ক্লাবের জন্য বার্ষিক কর্ম-পরিকল্পনা প্রনয়ণ ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করবে। সে লক্ষে একটি নমুনায়ন করা হলো-

কমিটি	কমিটির কাজ
শিক্ষা ও প্রশিক্ষণ কমিটি	১। কর্ম এলাকার সকল উপযোগি শিশুকে সিপ ও ফরমাল স্কুলে ভর্তি ও নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত নিশ্চিত করা। ২। প্রতিমাসে ক্লাস পরিদর্শন ও পরিদর্শন রিপোর্ট অনুযায়ী ব্যাবস্থা গ্রহন। ৩। প্রতি মাসে সভা করা ও সভায় শিক্ষা সংশ্লিষ্ট সমস্যার সমাধান করা। ৪। প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ধরনের প্রশিক্ষণের আয়োজন করা।
সাংস্কৃতিক দল বা কমিটি	১। বিভিন্ন দিবস উদযাপন করা। ২। টিএফডি বা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা। ৩। বিভিন্ন ক্রিড়া প্রতিযোগিতার আয়োজন করা।
এ্যাডভোকেসি ও নেটওয়ার্কিং কমিটি	১। শিশু নির্যাতন , শোষন, ও অপব্যাবহারের তথ্য সংগ্রহ। ২। বিভিন্ন সচেতনতা মূলক কার্যক্রম পরিচালনা যেমনঃ টিএফডি, র‍্যালি, ফটো-এক্সিবিসন ইত্যাদি। ৩। শিশু সংশ্লিষ্ট বিভিন্ন ব্যাক্তি, প্রতিষ্ঠান ও সংগঠনের সাথে আলাপ-আলোচনা ও সংযোগ স্থাপন।
স্বাস্থ ও পরিবেশ বিষয়ক কমিটি	১। এলাকার পরিবেশের তথ্য রাখা ২। স্বাস্থ বিষয়ক বিভিন্ন ক্যাম্পের আয়োজনে সাথে থাকা এবং কিছু ছোট ছোট ক্যাম্প আয়োজন করা। যেমন- ক্রিমির ঔষধ খাওয়ানো, হাত ধোয়া, নখের চারা কাটা ইত্যাদি।

CLO বা চাইল্ড ক্লারের উপদেষ্টা পরিষদ গঠন

গ্র্যাজুয়েট শিশু যারা চাইল্ড ক্লাবের জন্য কাজ করতে আগ্রহি ও ক্লাবের জন্য বিশেষ সহায়ক এমন ৩/৫ জন শিশুর সমন্বয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা যেতে পারে। তবে তাদের বয়স ২২ বছরের মধ্যে থাকতে হবে।

CLO বা চাইল্ড ক্লাবের সদস্য হওয়ার নিয়মাবলি

প্রকল্প এলাকার বিদ্যালয়গামি, কর্মজীবি এবং এনএফপিই সেন্টারে অধ্যায়নরত সকল আগ্রহী শিশু ক্লাবের সদস্য হতে পারবে। এজন্য তাদের....

- শিশু ক্লাবের নির্ধারিত ভর্তি ফরম পুরনের মাধ্যমে সদস্য হবে।
- ১ কপি পাসপোর্ট সাইজের ছবি ভর্তি ফরমের সাথে জমা দিতে হবে।
- সদস্যের বয়স সীমা ১৮ বছরের নিচে হতে হবে।

CLO বা চাইল্ড ক্লাবের সদস্যরা যে সকল সুবিধা পাবে

- ক্লাবের বিভিন্ন খেলার উপকরন (ফুটবল, ক্যারাম, ক্রিকেট ইত্যাদি) ব্যাবহার করতে পারবে।
- ক্লাব আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন করতে পারবে।
- ক্লাবের যে সাংস্কৃতিক দলের সহযোগিতায় অভিনয়, নাচ, গান, আবৃতি শিক্ষার সুযোগ পাবে।
- ক্লাব থেকে বিভিন্ন সংস্থায় প্রশিক্ষণ বা কর্মশালায় অংশ নেয়ার সুযোগ পাবে।
- শিশু অধিকার, জীবন দক্ষতা, বাল্য বিবাহ, শিশু শ্রম, শিশু পাচার, শিশু নির্যাতন, এইচআইভি, পিয়ার এডুকেশন সহায়ক, নেতৃত্বদান সহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহনের সুযোগ পাবে।
- বিভিন্ন প্রতিষ্ঠানের (শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষা অধিদপ্তর, জনপ্রতিনিধি প্রভৃতি) সাথে নেটওয়ার্ক বা যোগাযোগ স্থাপন করতে পারবে।
- ক্লাবের সদস্য বা প্রতিনিধিদের নেতৃত্বের বিকাশ ঘটবে্।
- তাদের সমস্যার সমাধাণের জন্য সাংবাদিকসহ বিভিন্ন ব্যক্তি প্রতিষ্ঠানের সাথে আলোচনা করতে পারবে।

CLO বা চাইল্ড ক্লাবের সদস্য পদ বাতিল ও বহিষ্কার পদ্ধতি

- কোন সদস্য শিশু ক্লাবের নীতি বিরুদ্ধ কোন কাজ করলে তার সদস্য পদ বাতিল হবে।
- ক্লাবের কার্যক্রম পরিপন্থি কাজ করলে সদস্য পদ হতে বহিস্কৃত হবে।
- ক্লাবের সাধারণ সভা বা কার্যক্রমে বিশৃংঙ্খলা সৃষ্টিকারী সদস্যের সদস্য পদ হতে বহিস্কৃত হবে।
- অনুমতি ব্যাতিরেকে পর পর তিনটি মাসিক সভায় অনুপস্থিত থাকলে সদস্য পদ বাতিল হবে।

CLO বা চাইল্ড ক্লাবের বাতিল সদস্যপদ পুনঃবহাল করন

যাদি কোন সদস্যের সদস্য পদ বাতিল হয় তবে সে পুনরায় সদস্য পদ লাভের জন্য আবেদন করতে পারবে। আবেদনের প্রেক্ষিতে সদস্য পদ পুনবহালের সিদ্ধান্ত নিবে কেন্দ্রিয় কমিটি (বিশেষ দ্রষ্টব্য: বহিস্কৃত সদস্যের পদ পুনঃবহাল করা উচিত হবেনা)।

ooo= ধন্যবাদ =ooo

(শিশু ক্লাবের সকল কর্যক্রম শিশুদের উন্নয়নের বিষয়টি মাথায় রাখতে হবে।)